

Confusing Question Solution

by

Misbahul Kabir

Dept. of Physics

University of Chittagong

Dedicated to all members

of

BCS Preliminary Campaigner

&

Zakir's Bcs Special

Confusing Question Solution

১) রঙিন টেলিভিশন থেকে কোন ক্ষতিকারক রশ্মি নির্গত হয়?

- ক) গামা রশ্মি
- খ) মৃদু রঞ্জন রশ্মি

উত্তর : মৃদু রঞ্জন রশ্মি।

ব্যাখ্যা : বাজারে প্রচলিত অনেক গাইড বইয়ে এটার উত্তর 'গামা' দেওয়া আছে যা ভুল। আমরা জানি 'গামা' একটা তেজস্ক্রিয় রশ্মি যেটা উচ্চ পারমাণবিকসংখ্যা ও উচ্চ পারমাণবিক ভরসংখ্যা বিশিষ্ট মৌলিক পদার্থ থেকে স্বতঃস্ফূর্তভাবে নির্গত হয়। তেজস্ক্রিয় রশ্মি টিন ধরণের :-

- ১) আলফা রশ্মি
- ২) বিটা রশ্মি
- ৩) গামা রশ্মি

আবার দ্রুতগতিসম্পন্ন ইলেক্ট্রন কোনো ধাতুকে আঘাত করলে তা থেকে অতি শুরু তরঙ্গ দৈর্ঘ্যের এবং উচ্চ ভেদন ক্ষমতা সম্পন্ন এক প্রকৃতির বিকিরণ উৎপন্ন হয়। এই বিকিরণকে বলা হয় এক্সের বা এক্সরশ্মি (X-Ray) বা রঞ্জনরশ্মি।

আমরা জানি টিভির পর্দায় ফসফর থাকে, ইলেকট্রন যথন এই ফসফরকে আঘাত করে তথন এখান থেকে মৃদু রঞ্জনরশ্মি নির্গত হয়, এটার পরিমাণ এতই শুরুতর যা উপেক্ষা করা যায়। সাধারণত CRT মনিটর থেকে মৃদু রঞ্জনরশ্মি নির্গত হয় কিন্তু আধুনিক এলসিডি/এলইডি মনিটর থেকে কোন ক্ষতিকারক রশ্মি নির্গত হয় না।

২) উদ্বিদের মুখ্য পুষ্টি উপাদান কয়টি?

- ক) ৯টি
- খ) ১০টি

উত্তর : ১০টি।

ব্যাখ্যা : মাধ্যমিক জীববিজ্ঞানের কোন এক সংক্রান্তে মুখ্য উপাদান ৯টি দেওয়ায় কনফিউশন সৃষ্টি হয়। মুখ্য পুষ্টি উপাদান ১০টি।

৩) ঢাকা মোট কতবার বাংলার রাজধানী হয়?

উত্তর : চার বার।

যদি প্রশ্ন করা হয়, ঢাকা মোট কতবার রাজধানী হয়?

উত্তর : পাঁচ বার।

Confusing Question Solution

আবার যদি প্রশ্ন হয়, ঢাকা মোট কতবার বাংলাদেশের রাজধানী হয়?

উত্তর : এক বার।

ব্যাখ্যা : ঢাকা মোট পাঁচবার রাজধানী হয়।

১৬১০ সালের ১৬ জুলাই সুবেদার ইসলাম খান বারো ভূইয়াদের নেতা মুসা খানকে প্রজাতি করে বাংলা দখল করেন এবং ঢাকার নাম করেন জাহাঙ্গীরনগর। এই সময় পূর্ব বাংলার রাজধানী রাজমহল থেকে ঢাকায় স্থানান্তরিত করা হয়।

১৬৩৯ সালে শাহ সুজা বাংলার সুবেদার হলে বাংলার রাজধানী ঢাকা থেকে রাজমহলে নিয়ে যায়।

১৬৬০ সালে মীর জুমলা বাংলার সুবেদার হলে ঢাকাকে পুনরায় রাজধানী করেন।

১৯০৫ সালে বাংলা ও বিহার নিয়ে
প্রদেশ করা হলে তার রাজধানী হয় ঢাকা কিন্তু ১৯১১ সালে বঙ্গভঙ্গের ফলে ঢাকা রাজধানীর মর্যাদা হারায়।

১৯৪৭ সালে দেশ ভাগ হলে পাকিস্তানের রাজধানী হয় করাচি আর পূর্ব বাংলার রাজধানী হয় ঢাকা।

১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ঢাকাকে রাজধানী করা হয়।

৪) 'বিষাদসিঙ্কু' উপন্যাসের নায়ক কে?

- ক) ইমাম হোসেন
- খ) এজিদ

উত্তর : ইমাম হোসেন।

ব্যাখ্যা : মীর মশাররফ হোসেন যখন 'বিষাদসিঙ্কু' উপন্যাসটি লিখলেন, তখন তাঁর কাছে না ছিলো কোনো ইতিহাস, না ছিল কোনো ধর্মগ্রন্থ। বরং তাঁর ওপর প্রভাব পড়েছিল পুঁথি রচয়িতাগণ কর্তৃক রচিত মর্সিয়া সাহিত্যের। এ কারণে 'বিষাদসিঙ্কু' উপন্যাসে প্রচলিত ধারনার কোনো নায়ক পাওয়া যায় না। এরপরও যদি প্রশ্ন করা হয়, উপন্যাসটির নায়ক কে? অন্যাসে উত্তর হবে ইমাম হোসেন। যেমনটি 'সিরাজুদ্দৌলা' নাটকের নায়ক নবাব সিরাজুদ্দৌলা, 'মেঘনাদবধ কাব্যের নায়ক রাবণ।

কোনো কোনো তথাকথিত বাম ঘরানার সমালোচকগণ দুশ্চরিত্র ইয়াজিদকে 'বিষাদসিঙ্কু'র নায়ক বালাবার চেষ্টা করেছেন; বিষয়টি খুবই দুঃখজনক!

Confusing Question Solution

৫) 'মেঘনাদবধ' কাব্যে কোন রসের প্রাধান্য??

- ক) বীর রস
- খ) করণ রস

উত্তর : করণ রস।

ব্যাখ্যা : এই মহাকাব্যের শুরুর দিকে বীররসের অস্তিত্ব পাওয়া গেলেও পুরো মহাকাব্যে করণ রসের প্রাধান্য ছিল।

৬) মুক্তিযুদ্ধে কোন বীরশ্রেষ্ঠ প্রথম শহীদ হন?

- ক) সিপাহী মোস্তফা কামাল।
- খ) ল্যাঙ্ক নায়েক মুন্ডী আব্দুর রউফ।

উত্তর : ল্যাঙ্ক নায়েক মুন্ডী আব্দুর রউফ।

ব্যাখ্যা : সরকারি গেজেট অনুসারে মুন্ডী আব্দুর রউফ শহীদ হন ৮ এপ্রিল এবং সিপাহী মোস্তফা কামাল শহীদ হন ১৮ এপ্রিল।

তত্ত্বসূত্র : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়।

<http://www.molwa.gov.bd/.../4ac6f19c-f518-4485-b57.../বীরশ্রেষ্ঠ>

৭) ৮) 'A snake in the grass' means?

- a) Secret or hidden enemy @@
- b) Unreliable person

দুইটাই রাইট তবে অপশনে দুইটাই থাকলে বেশিরভাগ ডিকশনারিতে অপশন a থাকায় এটাকেই রাইট এন্টার হিসেবে নেওয়া যায়। এটার আরেকটা অর্থ প্রতারণাকারী, শর্ত, ধূর্ত ব্যক্তি। তাই এই হিসেবে কাছাকাছি অর্থ Unreliable person.

৮) বাংলাদেশকে স্বীকৃতি দান কারী প্রথম দেশ কোনটি?

- ক) ভারত
- খ) ভুটান

উত্তর : ভুটান।

ব্যাখ্যা : মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৪ ডিসেম্বর বঙ্গবন্ধু বিমান ষাঁচির ন্যাশনাল স্ট্যান্ডার্ড প্রদান অনুষ্ঠানে বলেছেন- ভুটান আমাদের প্রথম স্বীকৃতি দেয় তোরা ডিসেম্বর, ১৯৭১সালে আর এরপরে ভারত আমাদের স্বীকৃতি দেয়।

Confusing Question Solution

মার্চ, ২০১৭ সালে পার্লামেন্টে পররাষ্ট্রমন্ত্রী বলেন, ভারত ও ভুটান উভয়েই ৬ ডিসেম্বর বাংলাদেশকে স্বীকৃতি দেন তবে ভারতের কয়েকগুটা আগে ভুটান বাংলাদেশকে স্বীকৃতি দিয়ে তারবার্তা প্রদান করেন।

৯) কক্ষবাজার সমুদ্রসৈকতের দৈর্ঘ্য কত?

- ক) ১২০ কিমি
- খ) ১৫৫ কিমি

উত্তর : ১২০ কিমি।

ব্যাখ্যা : কক্ষবাজার সমুদ্র সৈকত বিশ্বের দীর্ঘতম অবিচ্ছিন্ন প্রাকৃতিক বালুময় সমুদ্র সৈকত যা কক্ষবাজার শহর থেকে বদরমোকাম পর্যন্ত একটানা ১২০ কি.মি. পর্যন্ত বিস্তৃত। চট্টগ্রাম শহর থেকে কক্ষবাজারের দূরত্ব ১৫৫ কিমি। অনেকে এই দূরত্বকে ভুলবশত সমুদ্রসৈকতের দূরত্ব বলে।

১০) বাংলাদেশের আয়তন কত?

- ক) ১৪৭৫৭০ বর্গকিলোমিটার
- খ) ১৪৭৬১০ বর্গকিলোমিটার

উত্তর : ১৪৭৫৭০ বর্গকিলোমিটার।

ব্যাখ্যা : এখনো নতুনটার গেজেট হয় নি, বিগত অর্থনৈতিক সমীক্ষায় (২০১৬) আগেরটাই আছে তাই গেজেট না হওয়া পর্যন্ত আগের আয়তনকেই সঠিক বলে ধরে নিতে হবে।

১১) "know thyself"----- উক্তিটি কার?

- A) Socrates
- B) Plato

উত্তর : Socrates.

ব্যাখ্যা : Socrates says, as he did in Phaedrus, that people make themselves appear ridiculous when they are trying to know obscure things before they know themselves. Plato also alluded to the fact that understanding 'thyself,' would have a greater yielded factor of understanding the nature of a human being.

আসলে দুইজনেই উক্তিটি বলেছিলেন, প্রথমে সক্রেটিস এটা বলেন পরে তার ছাত্র প্লেটো এটা ছড়িয়ে দেন। তাই অপশনে দুইজনের নাম থাকলে সক্রেটিস সঠিক উত্তর বলে বিবেচিত হবে।

১২) কোন প্রোগ্রামটি সি ড্রাইভে থাকে?

- ক) মাই ড্রাইভ
- খ) উইন্ডোজ

Confusing Question Solution

উত্তর : উইন্ডোজ।

ব্যাখ্যা : সাধরণত দুটোই সি ড্রাইভে থাকে তবে অপশনে দুটোই থাকলে উত্তর হবে উইন্ডোজ।

১৩) মেমনসিংহ গীতিকা সংগ্রহ করেন কে?

- ক) দীনেশচন্দ্র সেন
- খ) চন্দ্রকুমার দে

উত্তর : চন্দ্রকুমার দে।

ব্যাখ্যা : মেমনসিংহ গীতিকা সংগ্রহ করেন চন্দ্রকুমার দে এবং সম্পাদনা করেন দীনেশচন্দ্র সেন।

১৪) 'করোনার স্টোন অব পিস' কোথায় অবস্থিত?

- ক) হাইতিতে
- খ) জাপানে

উত্তর : জাপানে।

ব্যাখ্যা : হাইতিতে করোনার স্টোন চার্ট আছে আর জাপানে করোনার স্টোন পিস।

১৫) সার্ভারের সাথে যুক্ত কম্পিউটার কে কি বলে?

- ক) ওয়ার্ক স্টেশন
- খ) হোস্ট

উত্তর ; ওয়ার্ক স্টেশন।

ব্যাখ্যা : কেন্দ্রীয় কম্পিউটারকে বলে হোস্ট আর কেন্দ্রের সাথে বা সার্ভারের সাথে বা হোস্টের সাথে যুক্ত সকল কম্পিউটারকে ওয়ার্কস্টেশন বলা হয়।

১৬) বিলিন্কিন তৈরি হয় কোথায়?

- ক) প্লিহা
- খ) যকৃত

উত্তর : যকৃত।

Confusing Question Solution

ব্যাখ্যা : বিলিরুবিন তৈরি হয় যকৃতে আর সঞ্চিত থাকে পীহায়।

১৭) স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয় কখন?

ক) ১০ এপ্রিল, ১৯৭১

খ) ১৭ এপ্রিল, ১৯৭১

উত্তর : ক

ব্যাখ্যা : স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয় ১০ এপ্রিল, ১৯৭১ এবং গঠিত হয়েছিল মুজিবনগর সরকার। ১৭ এপ্রিল, ১৯৭১ সালে মুজিবনগর সরকার শপথ নেন, শপথ অনুষ্ঠান পরিচালনা করেন অধ্যাপক ইউসুফ আলী। তিনি স্বাধীনতার সনদ পাঠক ছিলেন এছাড়া অধ্যাপক ইউসুফ আলী স্বাধীন বাংলাদেশের প্রথম শিক্ষামন্ত্রী এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ডের প্রতিষ্ঠাতা সভাপতি ছিলেন।

সূত্র : উইকিপিডিয়া।

১৮) বাক্যের শেষে কয়টি যতি চিহ্ন বা বিরাম চিহ্ন বসে?

ক) ৩ টি

খ) ৪ টি

উত্তর : ক

ব্যাখ্যা : বাক্যের শেষে মোট চারটি বিরাম চিহ্ন বসে, চিহ্নগুলো হচ্ছে -- দাঁড়ি (!), বিস্ময়বোধক চিহ্ন (!), প্রশ্নবোধক চিহ্ন (?), ডাবল দাঁড়ি (!!)। তবে বর্তমানে ডাবল দাঁড়ি অপ্রচলিত তাই বাক্যের শেষে বসে এইরকম বিরাম চিহ্নের সংখ্যা হবে -- ৩ টি।

১৯) বাংলাদেশে উপজাতির সংখ্যা কতটি?

ক) ৪৫ টি

খ) ৪৮ টি

উত্তর : ক

ব্যাখ্যা : প্রশ্নের ধরণ দেখে উত্তর।

##বাংলাদেশে বসবাসকারী উপজাতির সংখ্যা – ৪৫ টি।

##সরকারি হিসেবে দেশের মোট শুন্দি নৃ-গোষ্ঠীর সংখ্যা – ৪৮ টি।

##বাংলাদেশের বৃহত্তম উপজাতি – চাকমা।

##বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম উপজাতি – সাওতাল।

Confusing Question Solution

##পার্বত্য চট্টগ্রামে মোট উপজাতি বসবাস করে – ১২ টি।
##বাংলাদেশে উপজাতির ভাষার সংখ্যা – ৩২ টি।

২০) যুক্তরাষ্ট্র কবে UNESCO থেকে নিজেকে প্রত্যাহার করে নেয়?

ক) ১৯৮৪ সালে
খ) ১৯৮৫ সালে

উত্তর : খ

ব্যাখ্যা : যুক্তরাষ্ট্র ইউনেস্কোর প্রতিষ্ঠাকালীন(৪ নভেম্বর,১৯৪৬) সদস্য ছিল এবং ৩১ ডিসেম্বর ১৯৮৪ সাল পর্যন্ত ইউনেস্কোতে দেশটির সদস্যপদ ছিল। ১৯৮৫ সালের ১ জানুয়ারি থেকে যুক্তরাষ্ট্র সদস্য ছিল না এবং পুনরায় ১ অক্টোবর,২০০৩ সালে যুক্তরাষ্ট্র পুনরায় ইউনেস্কোতে যোগ দেন। ১৯৮৪ সালের শেষদিন পর্যন্ত যেহেতু সদস্যপদ ছিল সেহেতু বলা যায় দেশটি ১৯৮৫ সালে ইউনেস্কো থেকে নিজেকে প্রত্যাহার করে নেয়।

উল্লেখ্য ব্রিটেনও ১৯৮৫ সালে ইউনেস্কো ত্যাগ করে এবং ১৯৯৭ সালে পুনরায় যোগ দেয়।

২১) সমুদ্রের পানি নীল দেখায় কেন? আকাশ নীল দেখায় কেন? গোধূলি কেন হয়?

ক) আলোর বিক্ষেপণ
খ) আলোর বিচ্ছুরণ
গ) আলোর প্রতিসরণ

উত্তর : ক

ব্যাখ্যা : সমুদ্রের পানি : সমুদ্রের পানি স্বচ্ছ হলে পানি নীল বর্ণ ছাড়া অন্যন্য বর্ণের আলোগুলো বেশি শোষণ করে ফলে নীল আলো বিক্ষেপিত হয়ে বেশি ছড়িয়ে যায় তাই সমুদ্রের পানি নীল দেখা যায়।

আকাশ : নীল আলোর তরঙ্গদৈর্ঘ্য কম এবং এটার বিক্ষেপণ বেশি হওয়ায় আকাশ নীল দেখা যায়।

গোধূলি : সূর্যের আলো পৃথিবীতে আসে তড়িৎচৌম্বকীয় তরঙ্গ আকারে। আলোক ও শব্দতরঙ্গের ধর্ম হলো সরলরৈখিক পথে প্রবাহিত হওয়া। অর্থাৎ সূর্যের আলো একটি নির্দিষ্ট গতিবেগে সরলরৈখিক পথে পৃথিবীতে এসে পৌঁছে। সূর্য ডুবে যাওয়ার অর্থাৎ পৃথিবীর আড়ালে চলে যাওয়ার পরও সূর্যের আলোর কিছু অংশ চারদিকে ছড়িয়ে পড়ে। ফলে পৃথিবীর সে অঞ্চল সম্পূর্ণ অন্ধকার না হয়ে কিছুটা আলোকিত হয়। সূর্যের আলোর এভাবে ছড়িয়ে পড়ার ঘটনাই বিক্ষেপণ।

২২) বিশ্বের সবচেয়ে বড় অর্থনৈতিক জোট কোনটি?

A) EU
B) WTO

Confusing Question Solution

উত্তর : A

ব্যাখ্যা : সবচেয়ে বড় অর্থনৈতিক জোট -- ইইউ।
সবচেয়ে বড় বাণিজ্যিক গোষ্ঠী -- WTO.

২৩) বাংলায় টি.এস এলিয়টের কবিতার প্রথম অনুবাদক কে ?

- A) রবীন্দ্রনাথ ঠাকুর
- B) বিশু দে

উত্তর : রবীন্দ্রনাথ ঠাকুর।

ব্যাখ্যা : বিশু দে অনুবাদ টা ১৯৫০ সালের পরে কিন্তু রবি ঠাকুর মারা যান ১৯৪১ সালে।

২৪) 'গাহি সাম্যের গান, ধরনীর হাতে দিল যারা আনি ফসলের ফরমান' - পঙ্কজটি নজরুলের কোন কবিতার অংশ?

- A. সাম্যবাদী
- B. জীবন- বন্দনা

উত্তর : জীবন - বন্দনা।

ব্যাখ্যা : এটা জীবন বন্দনা কবিতার অংশ আর সাম্যবাদী কবিতায় কাজী নজরুল ইসলাম বলেছেন, "গাহি সাম্যের গান- যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাধা-ব্যবধান!"

২৫) মোট সেক্টর কমান্ডার কতোজন?

- ক) ১৬ জন।
- খ) ১৯ জন।

উ : ১৬ জন (সোর্স : স্বাধীনতার দলিলপত্র)

২৬) বৃহত্তম অর্থনীতির দেশ??

- A) China
- B) Usa

উত্তর : USA

ব্যাখ্যা : জিডিপিতে শীর্ষ -- USA আবার অন্যদিকে পিপিপিতে শীর্ষ -- China. বৃহত্তম অর্থনীতি বলতে সাধারণত জিডিপির ভিত্তিতে বুঝানো হয় তাই অপশনে দুইটাই থাকলে USA অপশনটাই বেটার।

Confusing Question Solution

২৭) মুসলিম নারী জাগরনের কবি কে?

- ক) বেগম রোকেয়া
- খ) শামসুন্নাহার

উত্তর : শামসুন্নাহার।

ব্যাখ্যা : বেগম রোকেয়া কবি ছিলেন না। বেগম রোকেয়া ছিলেন মুসলিম নারী জাগরণের অগ্রদূত।

২৮) সংসার উদ্যানে পুষ্প অপেক্ষা _____ বেশী।

- ক) কন্টক
- খ) কীট

উত্তর : কন্টক।

ব্যাখ্যা : পুষ্প = ফুল। ফুলের সাথে কন্টক শব্দটাই যায়।

২৯) CPUতে কোনটি থাকে?

- ক) register
- খ) memory

উত্তর : register

ব্যাখ্যা : Register,CPU এর একটা অংশ,যেকোন ডাটা প্রসেসিং রেজিস্টারের মাধ্যমে অপারেট হয় অপরপদিকে মেমরি CPU এর বাইরেও থাকতে পারে।

৩০) Control unit -

- A) performs mathematical operations
- B) performs logical operations
- C) directs the movement of electrical signals

উত্তর : B.

ব্যাখ্যা : প্রদত্ত অপশনের সব কাজই কন্ট্রোল ইউনিট করে তবে মেইনলি এটা লজিক্যাল অপারেশংগুলোই করে।

৩১) ভিটামিন সি বেশি আছে কোনটিতে?

- ক) পেয়ারা
- খ) আমলকি

Confusing Question Solution

উত্তর : আমলকি।

ব্যাখ্যা : আমলকিতে প্রতি ১০০ গ্রামে ৪৪৫ মিগ্রা ভিটামিন সি আছে আর অপরদিকে প্রতি ১০০ গ্রাম পেয়ারায় ভিটামিন সি আছে ২০০ মিগ্রা।

৩২) আপেল এ কোন এসিড?

- ক) ম্যালিক এসিড
- খ) স্যালিক এসিড

উত্তর : ম্যালিক এসিড।

৩৩) সেন্টমার্টিন ঝীপের আয়তন কত?

- ক) ৮ বর্গকিমি
- খ) ৯ বর্গকিমি

উত্তর : ৮ বর্গকিমি। (উইকিপিডিয়া)

৩৪) কোন বোমায় মানুষ মরে কিঞ্চিৎ ঘরবাড়ির ক্ষতি হয় না?

- ক) নাপাম বোমা
- খ) নিউট্রন বোমা

উত্তর : নিউট্রন বোমা।

ব্যাখ্যা :

নিউট্রন বোমা : বিজ্ঞানের সর্বশেষ ধ্রংসকারী আবিষ্কার হলো এই নিউট্রন বোমা। তৈরি করেছে যুক্তরাষ্ট্র আর ফ্রান্স। এর বৈজ্ঞানিক নাম এনহ্যান্সেড রেডিয়েশন ওয়াপন। নিউট্রন রেডিয়েশন অন্তর্নামেও পরিচিত। এর সবচেয়ে বড় বৈশিষ্ট্য হলো এটি ঘর-বাড়ি, গাছপালার কোনো ক্ষতি করে না। শুধু প্রাণী ধ্রংস করে। এক থেকে দুই কিলোটনের একটি বোমার সাইজ। প্রচণ্ড বিস্ফোরণ আর তাপের সৃষ্টি করে। তাই এটি ১৩০-৩৫০ মিটার এলাকা ধ্রংস করে দিতে পারে।

আর অন্য কিছু ধ্রংস করে ১-২ কিলোমিটার ব্যাসার্ধে। মূলত পারমাণবিক বোমার বিকল্প হিসেবেই এটি তৈরি করা হয়েছে তাই এর ধ্রংসলীলা শুধু প্রাণীদের ওপরই হয় তবে অবকাঠামোর কোনো পরিবর্তন করে না। নিউট্রন বোমাতে নিউট্রন আর গামা রশ্মি বের হয়ে আসে। আর গামা রশ্মি বা এক্স-রে যে কোনো প্রাণীর জন্য চরম ক্ষতিকর। অতিরিক্ত মাত্রায় বের হয়ে আসার কারণে প্রাণীর জৈবিক দেহ মরে যায়। নিউট্রন বোমাতে ব্যবহৃত হয় ইউরেনিয়াম আর লিড আর তার সঙ্গে অল্প পরিমাণে ট্রিটিয়াম। ১৯৫৮ সালে স্যামুয়েল টি কোহেন এই ধরনের বোমার ধারণা প্রথম দেন। ১৯৬৩ সালে নেভাদার মাটির নিচে প্রথম পরীক্ষা করায়। তবে জিমি কার্টার ১৯৭৮ সালে এর উৎপাদন বন্ধ করে দেন। কিঞ্চিৎ প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যান ১৯৮১-তে এর পুনঃউৎপাদন শুরু করেন।

Confusing Question Solution

নাপাম বোমা : এটা আগুন সৃষ্টি করে,ভিয়েতনাম যুদ্ধে এই বোমার ব্যাপক ব্যবহার হয়েছিল,এই বোমায় ওখানে গ্রামের পর গ্রাম ঝলচ্ছিল।

৩৫) কাজী নজরুল বাকরুদ্দ হয় কয় বছর বয়সে?

- ক) ৪০ বছর
- খ) ৪৩ বছর

উত্তর : ৪৩ বছর।

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলাম ১৯৪২ সালে বাকরুদ্দ হন যখন কবির বয়স ৪৩ ছিল।

৩৬) ঢাকা সিটিতে আসন সংখ্যা কয়টি?

- ক) ১৫ টি
- খ) ২০ টি

উত্তর : ১৫ টি।

ব্যাখ্যা : ঢাকা জেলায় আসন সংখ্যা ২০ টি কিন্তু সিটিতে আসন সংখ্যা ১৫ টি।

৩৭) বাংলা ভাষায় যতি বা ছেদচিহ্ন মোট কয়টি?

- ক) ১১ টি
- খ) ১২ টি

উত্তর : ১২ টি।

৩৮) মোট বীর উত্তম কর্তজন?

- ক) ৬৮ জন
- খ) ৬৯ জন

উত্তর : ৬৯ জন।

ব্যাখ্যা : মোট বীর উত্তম ৬৯ জন কিন্তু স্বাধীনতাযুদ্ধে অবদানের জন্য মোট ৬৮ জনকে বীর উত্তম খেতাবে ভূষিত করা হয়েছিল। সর্বশেষ বীর উত্তম প্রতীক পেয়েছেন বিগেডিয়ার জেনারেল জামিল আহমেদ (২০১০) মরণোত্তর। বঙ্গবন্ধুকে ১৯৭৫ সালের আগস্টে বাঁচানোর চেষ্টার জন্য তাঁকে ২০১০ সালে মরণোত্তর বীর উত্তম পদক প্রদান করা হয়।

৩৯) ২৫ এপ্রিল, ২০১৫ সালে নেপালে ভয়ংকর ভূমিকম্পের মাত্রা কতো ছিলো?

- ক) ৭.৮
- খ) ৭.৯

Confusing Question Solution

উত্তর : ৭.৮

ব্যাখ্যা : কিছু জায়গায় ৭.৯ উল্লেখ থাকলেও মূলধারার প্রায় সব মিডিয়াতেই ৭.৮ উল্লেখ আছে।

৮০) কাজী নজরুল ইসলামের কতটি গ্রন্থ নিষিদ্ধ হয়েছিল?? নিষিদ্ধ গ্রন্থগুলোর নাম কী?

উত্তর : ৫ টি; বিশের বাঁশি, প্রলয়শিথা, যুগবাণী, ভঙ্গার গান, চন্দ্রবিন্দু। অনেকে অগ্নিবীণাসহ ৬ টি
বলে কিন্তু অগ্নিবীণা কখনো নিষিদ্ধ ছিল না তবে অগ্নিবীণা কাব্যগ্রন্থের "রত্নাস্বর ধারিণী মা"
কবিতাটি নিষিদ্ধ হয়েছিল।

৮১) বাংলা ভাষায় প্রথম লিখিত গ্রন্থ কোনটি?

- ক) কৃপার শাস্ত্রের অর্থভেদ
- খ) ফুলমণি ও করুণার বিবরণ

উত্তর : ক

ব্যাখ্যা : এই গ্রন্থের লেখক পাদ্রি মানোএল দা আসসুম্পসাঁউ, এটি প্রকাশিত হয় ১৭৪৩ সালে।

ফুল মণি ও করুণার বিবরণ (একজন অবাঙালী দ্বারা বাংলায় লিখিত) প্রথম বাংলা উপন্যাস যার
রচনা করেন হানা ক্যাথেরিন মূলেন্স। এটি ১৮৫২ সালে প্রকাশিত হয়।

৮২) The output quality of a printer is measured by

- a) dot per inch
- b) dot per sq. inch

Ans : a

৮৩) বজ্রপাতের সময় কি করতে হবে?

- ক) গাড়িতে বসে থাকতে হবে
- খ) মাটিতে উপুড় হয়ে শুয়ে থাকতে হবে।

উত্তর : ক (ব্যাখ্যার ৬ ও ১০ নাম্বার পয়েন্ট দ্রষ্টব্য)

ব্যাখ্যা : আবহাওয়াবিদরা বজ্রপাতের সময় করণীয় ১২টা পরামর্শ দিয়েছেন। যথা :

১) দালান বা পাকা ভবনের নিচে আশ্রয় নিন।

ঘন ঘন বজ্রপাত হতে থাকলে কোনো অবস্থাতেই খোলা বা উঁচু স্থানে থাকা যাবে না। সবচেয়ে
ভালো হয় কোনো একটি পাকা দালানের নিচে আশ্রয় নিতে পারলে।

Confusing Question Solution

২. উঁচু গাছপালা ও বিদ্যুৎ লাইন থেকে দূরে থাকুন।

কোথাও বজ্রপাত হলে উঁচু গাছপালা বা বিদ্যুতের খুঁটিতে বজ্রপাতের সম্ভাবনা বেশি থাকে। তাই এসব স্থানে আশ্রয় নেবেন না। খোলা স্থানে বিচ্ছিন্ন একটি যাত্রী ছাউনি, তালগাছ বা বড় গাছ ইত্যাদিতে বজ্রপাত হওয়ার সম্ভাবনা অত্যন্ত বেশি থাকে।

৩. জানালা থেকে দূরে থাকুন।

বজ্রপাতের সময় বাড়িতে থাকলে জানালার কাছাকাছি থাকবেন না। জানালা বন্ধ রাখুন এবং ঘরের ভেতর থাকুন।

৪. ধাতব বস্তু স্পর্শ করবেন না।

বজ্রপাত ও ঝড়ের সময় বাড়ির ধাতব কল, সিঁড়ির রেলিং, পাইপ ইত্যাদি স্পর্শ করবেন না। এমনকি ল্যান্ড লাইন টেলিফোনও স্পর্শ করবেন না। বজ্রপাতের সময় এগুলো স্পর্শ করেও বহু মানুষ আহত হয়।

৫. বিদ্যুৎচালিত যন্ত্র থেকে সাবধান।

বজ্রপাতের সময় বৈদ্যুতিক সংযোগযুক্ত সব যন্ত্রপাতি স্পর্শ করা থেকে বিরত থাকুন। টিভি, ফ্রিজ ইত্যাদি বন্ধ করা থাকলেও ধরবেন না। বজ্রপাতের আভাস পেলে আগেই এগুলোর প্লাগ খুলে সম্পূর্ণ বিচ্ছিন্ন করুন। অব্যবহৃত যন্ত্রপাতির প্লাগ আগেই খুলে রাখুন।

৬. গাড়ির ভেতর থাকলে যা করবেন।

বজ্রপাতের সময় গাড়ির ভেতরে থাকলে সম্ভব হলে গাড়িটি নিয়ে কোনো কংক্রিটের ছাউনির নিচে আশ্রয় নিন। গাড়ির ভেতরের ধাতব বস্তু স্পর্শ করা থেকে বিরত থাকুন। গাড়ির কাচেও হাত দেবেন না।

৭. খোলা ও উঁচু জায়গা থেকে সাবধান।

এমন কোনো স্থানে যাবেন না, যে স্থানে আপনিই উঁচু। বজ্রপাতের সময় ধানক্ষেত বা বড় মাঠে থাকলে তাড়াতাড়ি নিচু হয়ে যান। বাড়ির ছাদ কিংবা উঁচু কোনো স্থানে থাকলে দ্রুত সেখান থেকে নেমে যান।

৮. পানি থেকে সরুন।

বজ্রপাতের সময় আপনি যদি ছোট কোনো পুরুরে সাঁতার কাটেন বা জলাবদ্ধ স্থানে থাকেন তাহলে সেখান থেকে সরে পড়ুন। কারণ পানি খুব ভালো বিদ্যুৎ পরিবাহী।

Confusing Question Solution

৯. পরম্পর দুরে থাকুন।

কয়েকজন মিলে খেলা কোনো স্থানে থাকাকালীন যদি বজ্রপাত শুন হয় তাহলে প্রত্যেকে ৫০ থেকে ১০০ ফুট দূরে সরে যান। কোনো বাড়িতে যদি পর্যাপ্ত নিরাপত্তামূলক ব্যবস্থা না থাকে তাহলে সবাই এক কক্ষে না থেকে আলাদা আলাদা কক্ষে যান।

১০. নিচু হয়ে বসুন।

যদি বজ্রপাত হওয়ার উপক্রম হয় তাহলে কানে আঙুল দিয়ে নিচু হয়ে বসুন। চেখ বন্ধ রাখুন।
কিন্তু মাটিয়ে শুয়ে পড়বেন না। মাটিতে শুয়ে পড়লে বিদ্যুৎস্পৃষ্ঠ হওয়ার সম্ভাবনা বাড়বে।

১১. বজ্রপাতের আগ মুহূর্তের লক্ষণ জানুন।

আপনার উপরে বা আশপাশে বজ্রপাত হওয়ার আগের মুহূর্তে কয়েকটি লক্ষণে তা বোঝা যেতে পারে।
যেমন বিদ্যুতের প্রভাবে আপনার চুল থাঢ়া হয়ে যাবে। ব্রক শিরশির করবে বা বিদ্যুৎ অনুভূত হবে।
এ সময় আশপাশের ধাতব পদার্থ কাঁপতে পারে। অনেকেই এ পরিস্থিতিতে 'ক্রি' শব্দ পাওয়ার কথা
জানান। আপনি যদি এমন পরিস্থিতি অনুভব করতে পারেন তাহলে দ্রুত বজ্রপাত হওয়ার প্রস্তুতি
নিন।

১২. রাবারের বুট পরুন।

বজ্রপাতের সময় চামড়ার ভেজা জুতা বা থালি পায়ে থাকা থুবহুই বিপজ্জনক। এ সময় বিদ্যুৎ
অপরিবাহী রাবারের জুতা সবচেয়ে নিরাপদ।

৮৮) Hurry up! We have to go ... 5 minutes.

- a) in
- b) within
- c) by

Ans : b (period of time বুঝাতে 'within' ব্যবহৃত হয়।)

৮৯) Nowadays Many villages are lit ... electricity.

- a) with
- b) by

Ans : b (কোন কিছুকে আলোকিত করা বুঝাতে 'lit by' ব্যবহৃত হয়।)

৯০) A person claiming to be superior in culture & intellect to others -

- a) Highbrow
- b) intellectual

Ans : a (The difference between highbrow and intellectual is that highbrow is a cultured or learned

Confusing Question Solution

person or thing while intellectual is an intelligent, learned person, especially one who discourses about learned matters.)

৪৭) একটি কাঁচ পাটের গাইটের ওজন কত ?

- ক) ৩.৫ মণি
- খ) ৮.৫ মণি

উত্তর : ৮.৫ মণি।

৪৮. Which of the following memories need refresh

- a)SRAM
- b)DRAM

Ans : b

In a DRAM chip, each bit of memory data is stored as the presence or absence of an electric charge on a small

capacitor on the chip. As time passes, the charges in the memory cells leak away, so without being refreshed the stored data would eventually be lost. To prevent this, external circuitry periodically reads each cell and rewrites it, restoring the charge on the capacitor to its original level. Each

memory refresh cycle refreshes a succeeding area of memory cells, thus repeatedly refreshing all the cells in a consecutive cycle. This process is conducted automatically, in the background, by the memory circuitry, while the computer is on, and is transparent to the user. While a refresh cycle is occurring the memory is not available for normal read and write operations, but in modern memory this "overhead" time is not large enough to significantly slow down memory operation.

On the other hand, Electronic memory that does not require refreshing is called static random-access memory

৪৯) মীর মশাররফ হোসেনের জীবনকাল কোনটি?

- ক) ১৮৪৭-১৯১১
- খ) ১৮৪৭-১৯১২

উত্তর : খ

মীর মশাররফ হোসেন জন্মগ্রহণ করেন নভেম্বর ১৩, ১৮৪৭ সালে এবং মৃত্যুবরণ করেন ডিসেম্বর ১৯, ১৯১২ সালে।

৫০) একটি ত্রিভুজ একটি বৃত্তকে ন্যূনতম কয়টি বিন্দুতে ছেদ করতে পারে?

- ক) ১
- খ) ২

Confusing Question Solution

গ) ৩

ঘ) ৪

উত্তর : ২ টি।

ব্যাখ্যা : একটি ত্রিভুজের যেকোন বাহকে কোন বৃত্ত ছেদ করলে ন্যূনতম বৃত্তের ২ টা বিন্দুকে অতিক্রম করতেই হবে।

৫১) কোনটিতে প্রোটিন বেশি?

ক) মসুর ডাল

খ) মাংস

উত্তর : খ

ব্যাখ্যা : মাছ-মাংস, দুধ-ডিম, শাক-সবজি ইত্যাদি খাবারে প্রোটিন থাকে । সাধারণত প্রাণিজ প্রোটিন অর্থাৎ মাছ-মাংসের প্রোটিনকে বলা হয় Complete Protein, আর ভাত, কতিপয় শাক-সবজি ও অন্যান্য থেকে প্রাপ্ত প্রোটিনকে (উচ্চিজ্ঞ প্রোটিন) বলা হয় Incomplete Protein। প্রায় ২০ ধরনের অ্যামিনো আসিড নিয়ে প্রোটিন গঠিত। আমাদের দেহে মাসেল গঠনের জন্যে ৮ ধরনের মৌলিক ও ন্যূনতম অ্যামিনো আসিড লাগে যারা সক্রিয়ভাবে মাসেল গঠন করে। যে প্রোটিনে এই ৮ টি অ্যামিনো এসিডের সংগৃহীত তাকে বলা হয় Complete Protein আর সংগৃহীত না থাকলে বল Incomplete Protein।

৫২) he is popular -- all for his goodness.

a) To

b) with

Ans : with (ব্যক্তি বুঝালে with হয়)

৫৩) পৃথিবীর প্রথম বিশ্ববিদ্যালয় কোনটি?

উত্তর : গিনেস ওয়ার্ল্ড রেকর্ড মোতাবেক পৃথিবীর প্রথম বিশ্ববিদ্যালয় মরক্কোর আল কারাউন বিশ্ববিদ্যালয়। অপশনে এটা না থাকলে উত্তর হবে ভারতের 'নালান্দা বিশ্ববিদ্যালয়'।

৫৪) বাংলাদেশের কুটির ঝুড়ি বলা হয় কোন জেলা কে?

উত্তর : দিনাজপুর।

ব্যাখ্যা : কুটির ঝুড়ি-- যে অঞ্চলের জমি অপেক্ষাকৃত বেশি উর্বর, ফলনের অনুকূল আবহাওয়া বিদ্যমান, গমসহ অন্যান্য ফসলের ভালো ফলন হয় সে অঞ্চলকে কুটির ঝুড়ি বলা হয়। (শুধু গমের জন্য কুটির ঝুড়ি বলা হয় না।)

Confusing Question Solution

দিলাজপুর জেলাকে বাংলাদেশের রাটির ঝুড়ি বলা হয়। গম উৎপাদনে একেক বছর একেক জেলা শীর্ষে থাকলেও তাদের রাটির ঝুড়ি বলা হয় না, সার্বিকভাবে গমসহ অন্যন্য ফসলের ভালো ফলন হওয়ায় দিলাজপুরকেই বাংলাদেশের রাটির ঝুড়ি বলা হয়।

৫৫) শেষের কবিতা উপন্যাসে রবীন্দ্রনাথ কোন ভাষাবিদের নাম উল্লেখ করেছে?

- ক) হরপ্রসাদ শাস্ত্রী
- খ) সুনীতিকুমার চট্টপাধ্যায়

উত্তর : সুনীতিকুমার চট্টপাধ্যায়।

সোর্স : শেষের কবিতা উপন্যাস।

৫৬) পৃথিবীর প্রথম স্বয়ংক্রিয় গণনা যন্ত্র কোনটি?

- ক) মার্ক-১
- খ) ইউনিভ্যাক
- গ) অ্যাডভ্যাক
- ঘ) অ্যাবাকাস

উত্তর: মার্ক-১।

ব্যাখ্যা : মার্ক-১ হলো পৃথিবীর প্রথম স্বয়ংক্রিয় গণনাযন্ত্র। (অ্যাবেকাস প্রথম গণনাযন্ত্র।)

৫৭) পৃথিবীর প্রথম বাণিজ্যিক ইলেকট্রনিক কম্পিউটারের নাম—

- ক) অ্যাডভ্যাক
- খ) অ্যাডস্যাক
- গ) ইউনিভ্যাক
- ঘ) এনিয়্যাক

উত্তর: ইউনিভ্যাক।

ব্যাখ্যা : ইউনিভ্যাক প্রথম বাণিজ্যিক ইলেকট্রনিক কম্পিউটার যেটা ১৯৫১ সালে আবিষ্কৃত হয়েছিল।

৫৮) পরিকেন্দ্র, লম্বকেন্দ্র, ভরকেন্দ্র ও অন্তঃকেন্দ্র।

পরিকেন্দ্র : ত্রিভুজে পরিলিখিত বৃত্তের কেন্দ্রকে ট্রি ত্রিভুজের পরিকেন্দ্র বলে।

লম্বকেন্দ্র : ত্রিভুজের শীর্ষবিন্দুত্রয় হতে বাহ্যিকের উপর অক্ষিত লম্বগ্রামের ছেদবিন্দুকে ট্রি ত্রিভুজের লম্বকেন্দ্র বলে।

ভরকেন্দ্র : ত্রিভুজের মধ্যমাত্রয়ের ছেদবিন্দুকে ট্রি ত্রিভুজের ভরকেন্দ্র বলে।

Confusing Question Solution

অন্তঃকেন্দ্র : গ্রিভুজে অন্তর্নির্ধিত বৃত্তের কেন্দ্রকে প্রি গ্রিভুজের অন্তঃকেন্দ্র বলে।

৫৯) শেখ হাসিনা কততম প্রধানমন্ত্রী?

উত্তর : ১৪ তম।

ব্যাখ্যা : বাংলাদেশের প্রধানমন্ত্রীর তালিকা :

- ১) তাজউদ্দীন আহমেদ
- ২) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
- ৩) মোঃ মনসুর আলী
- ৪) মশিউর রহমান
- ৫) শাহ আজিজুর রহমান
- ৬) আতাউর রহমান থান
- ৭) মিজানুর রহমান চৌধুরী
- ৮) মওদুদ আহমেদ
- ৯) কাজী জাফর আহমেদ
- ১০) বেগম খালেদা জিয়া
- ১১) শেখ হাসিনা
- ১২) বেগম খালেদা জিয়া
- ১৩) শেখ হাসিনা
- ১৪) শেখ হাসিনা

৬০) নরেন্দ্র মোদি কততম প্রধানমন্ত্রী?

উত্তর : ১৬ তম।

ব্যাখ্যা : ভারতের প্রধানমন্ত্রীর তালিকা :

- ১) জওহরলাল নেহেরু
- ২) লাল বাহাদুর শাস্ত্রী
- ৩) ইন্দিরা গান্ধী
- ৪) মোরারজি দেশাই
- ৫) চরণ সিং
- ৬) ইন্দিরা গান্ধী
- ৭) রাজিব গান্ধী
- ৮) বিশ্বনাথ প্রতাব সিং
- ৯) চন্দ্র শেখর
- ১০) পিতি নরসিমা রাও
- ১১) অটল বিহারি বাজপেয়ী
- ১২) এইচ ডি দেবে গোড়া

Confusing Question Solution

- ১৩) ইন্দোর কুমার গুজরাল
- ১৪) অটল বিহারি বাজপেয়ী
- ১৫) মনমোহন সিং
- ১৬) নরেন্দ্র মোদী

৬১) বাংলাদেশের জাতীয় সংসদের আসন সংখ্যা কত?

- ক) ৩০০
- খ) ৩৫০

উত্তর : ৩৫০

ব্যাখ্যা : বাংলাদেশের জাতীয় সংসদে মোট ৩৫০টি আসন রয়েছে, নির্বাচিত ৩০০টি ও সংরক্ষিত ৫০টি।

৬২) বিশ্বের প্রথম সরকারী ব্যাংক?

উত্তর : ব্যাংক অব ভেনিস।

নেট :

- ১ম সরকারী ব্যাংক -- ব্যাংক অব ভেনিস।
- ১ম ব্যাংক -- সানশী ব্যাংক (চীন।)

উপমহাদেশের ১ম ব্যাংক -- হিন্দুস্তান ব্যাংক (১৭০০ খ্রি.)।

৬৩) মাইকেল মধুসূদন দত্তের প্রধান অবদান কোনটি?

- ক) মহাকাব্য
- খ) সন্টের প্রবর্তন

উত্তর : খ

ব্যাখ্যা : মহাকাব্য ও সন্টে দুই ক্ষেত্রেই মাইকেল মধুসূদন দত্তের মুখ্য ভূমিকা রয়েছে তবে মাইকেলের আগে অনেকে মহাকাব্য রচনা করলেও কেউ সন্টে রচনা করতে পারেন নি, তাই বলা যায় বাংলা সন্টে প্রধান ভূমিকা রয়েছে মাইকেল মধুসূদন দত্তের।

৬৪) শেখ মুজিবুর রহমান বঙ্গবন্ধু উপাধি পান কোথায়?

- ক) জনসভায়
- খ) ছাত্র সভায়
- গ) কৃষকসভায়

উত্তর : জনসভায়।

ব্যাখ্যা : ১৯৬৯ সালের প্রথমদিকে বিশেষত তরুণ প্রজন্মের দ্বারা সংগঠিত গণআন্দোলন এমন এক পর্যায়ে পৌঁছে যে আইয়ুর সরকার দেশে আসল একটি গৃহযুদ্ধ এড়ানোর চেষ্টায় আগরতলা ষড়যন্ত্র মামলাট প্রত্যাহার করে নেয়। শেখ মুজিব ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি নিঃশর্ত মুক্তিলাভ করেন।

Confusing Question Solution

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ এই বছরের ২৩ কেরায়ারি তারিখে শেখ মুজিবের সম্মানে ঢাকারেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) এক সভার আয়োজন করে। লাখে জনতার এই সম্মেলনে শেখ মুজিবকে "বঙ্গবন্ধু" উপাধি প্রদান করা হয়। উপাধি প্রদানের ঘোষণা দিয়েছিলেন জনাব তোফায়েল আহমেদ।

সূত্র : উইকিপিডিয়া।

৬৫) বাংলাদেশের প্রথম অস্থায়ী রাজধানী ঘোষণা করা হয় কোনটাকে?

- ক) চুয়াডাঙ্গা
- খ) মুজিবনগর

উত্তর : চুয়াডাঙ্গা।

ব্যাখ্যা : ১৯৭১ সালে মুক্তিযুদ্ধকালীন অস্থায়ী সরকার বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে রাজনৈতিক ও ভৌগোলিক অবস্থা-অবস্থান, স্থানীয় নেতৃত্বের দুঃসাহসী ভূমিকা এবং মুক্তাঞ্চল থাকার কারণে ১০ এপ্রিল চুয়াডাঙ্গা শহরকে প্রথম অস্থায়ী রাজধানী হিসেবে ঘোষণা দেন।

১৬ এপ্রিল '৭১ পর্যন্ত চুয়াডাঙ্গা ছিলো

সদ্য স্বাধীনতা ঘোষিত বাংলাদেশের প্রথম অস্থায়ী রাজধানী আর ১৭ এপ্রিল '৭১-এ মুজিবনগরে (আসল নাম বৈদ্যনাথতলা) বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার শপথগ্রহণ করে। এরপর 'নির্বাসন রাজধানী' করা হয় কলকাতাকে। উল্লেখ্য, প্রবাসী সরকারের কোন স্থায়ী রাজধানী ছিল না।

রেফারেন্স :

হাসান হাফিজুর রহমান সম্পাদিত ‘স্বাধীনতা যুদ্ধের দলিলপত্র’ ১৫শ খণ্ডে প্রকাশিত সাক্ষাৎকারে ব্যারিস্টার আমিনুল ইসলাম বলেন, “মন্ত্রিসভার আনুষ্ঠানিক শপথের জন্য ১৪ এপ্রিল দিনটি নির্ধারণ করা হয়েছিল। শপথের স্থানের জন্য আমরা চুয়াডাঙ্গার কথা প্রথমে চিন্তা করি কিন্তু পাকহানাদার বাহিনী সেখানে বিমান থেকে বোমা বর্ষণ করে। আমরা চুয়াডাঙ্গা রাজধানী করার যে সিদ্ধান্ত নিয়েছিলাম শেষ পর্যন্ত তা আর গোপন থাকেনি। চুয়াডাঙ্গার কথা বাদ দিয়ে আমাদের নতুন স্থানের কথা চিন্তা করতে হলো”।

মেজর রফিকুল ইসলাম পিএসসি রচিত ‘একাওয়ের মুক্তিযুদ্ধ প্রতিরোধের প্রথম প্রহর’ বইয়ে বলা হয়েছে, “১০ এপ্রিল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গঠনের পর চুয়াডাঙ্গাকে বাংলাদেশের অস্থায়ী রাজধানী করা হয় বলে আকাশবাণীর খবরে জানা যায়। ‘সাম্প্রাহিক বিচ্চিরার বাংলা ১৩৮৩ সালের ৩ বৈশাখ প্রকাশিত সংখ্যায় মুক্তিযুদ্ধে বৃহত্তর কৃষ্ণায়ার অবদান সম্পর্কে প্রতিবেদক শ.ম.শওকত আলী লিখেছেন, ‘চুয়াডাঙ্গায় অস্থায়ী রাজধানী করে প্রতিরোধ গড়ে তোলা হয়।’।

৬৬) মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে অস্থায়ী সচিবালয় কোনটা ছিল?

- ক) মুজিবনগর
- খ) ৮নং খিয়েটার রোড, কলকাতা
- গ) আগরতলা

Confusing Question Solution

উত্তর : থ

ব্যাখ্যা : মুজিবনগর সরকার ছিল মূলত একটি প্রবাসী সরকার। এই সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের মূল কার্যালয় ছিল কলকাতার থিয়েটার রোডে। আঞ্চলিক প্রশাসনগুলোর অধিকাংশকেই কাজ করতে হতো দেশের বাইরে থেকে; যদিও দেশের কিছু না কিছু অঞ্চল সব সময়ই মুক্তাঞ্চল ছিল—যেমন কুড়িগ্রামের কিছু এলাকায় প্রায় পুরোটা সময় মুজিবনগর সরকার কর্তৃত্বে ছিল। কোথাও কোথাও কর্তৃত্ব প্রতিষ্ঠা হয়েছে, কোথাও কর্তৃত্ব চলে গেছে। তাই দেশের ভেতরে সব অঞ্চলে সমান প্রবেশাধিকার ছিল না। সম্পূর্ণ প্রশাসন চালানোর সামরিক ক্ষমতাও এ সরকারের ছিল না। আঞ্চলিক প্রশাসনগুলোর অবস্থান ছিল আগরতলা, শিলচর, পশ্চিম দিনাজপুর—এ-জাতীয় সীমান্তবর্তী নিরাপদ অঞ্চলে।

৬৭) শ্বসন প্রক্রিয়ায় উদ্ভিদ ত্যাগ করে-

- ক) কার্বন ডাই অক্সাইড
- খ) অক্সিজেন

উত্তর : কার্বন ডাই অক্সাইড।

ব্যাখ্যা : উদ্ভিদ সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় অক্সিজেন ত্যাগ করে কিন্তু শ্বসন প্রক্রিয়ায় কার্বন ডাই অক্সাইড ত্যাগ করে।

৬৮) বাংলাদেশকে সর্বপ্রথম কোন ইউরোপীয় দেশ স্বীকৃতি দেয়?

- ক) পোল্যান্ড
- খ) পূর্ব জার্মানি

উত্তর : পূর্ব জার্মানি।

ব্যাখ্যা : পূর্ব জার্মানি বাংলাদেশকে স্বীকৃতি দান করেন ১১ জানুয়ারি, ১৯৭২ সালে অপরদিকে পোল্যান্ড স্বীকৃতি দেয় ১২ জানুয়ারি, ১৯৭২ সালে।

৬৯) বাংলার ১ম জনক কে?

- ক) শামসুদ্দিন ইলিয়াস শাহ
- খ) সম্মাট আকবর
- গ) ইথতিয়ার উদ্দীন বথতিয়ার খলজী
- ঘ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

উত্তর : শামসুদ্দিন ইলিয়াস শাহ।

ব্যাখ্যা : শামসুদ্দিন ইলিয়াস শাহ 'বাঙালী জাতীয়তাবাদের' জনক। তিনিই প্রথম বাঙালি জাতিকে 'বাঙালি' হিসেবে পরিচিত করেন। তাই বাংলার ১ম জনক শামসুদ্দিন ইলিয়াস উরুউশাহ। তিনি মধ্যযুগের বাংলার সুলতান, 'ইলিয়াস শাহী' বংশের প্রতিষ্ঠাতা এবং তিনিই প্রথম 'শাহ-ই-বাঙালাহ' উপাধি লাভ করেন।

Confusing Question Solution

৭০) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কতো সালে বিদ্যাসাগর উপাধি লাভ করেন?

- ক) ১৮৩৯ সালে
- খ) ১৮৪০ সালে

উত্তর : ১৮৩৯ সাল।

ব্যাখ্যা : জন্ম গ্রহণ কালে তার পিতামহ তার বংশানুযায়ী নাম রেখেছিলেন "ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়"। ১৮৩৯ সালের ২২ এপ্রিল হিন্দু ল কমিটির পরীক্ষা দেন ঈশ্বরচন্দ্র। এই পরীক্ষাতেও যথারীতি কৃতিষ্ঠানের সঙ্গে উত্তীর্ণ হয়ে ১৬ মে ল কমিটির কাছ থেকে যে প্রশংসাপত্রটি পান, তাতেই প্রথম তাঁর নামের সঙ্গে 'বিদ্যাসাগর' উপাধিটি ব্যবহৃত হয়। এই প্রশংসাপত্রটি ছিল নিম্নরূপ :

We hereby certify that at an Examination held at the Presidency of Fort William on the 22nd Twenty-second April 1839 by the Committee appointed under the provisions of Regulation XI 1826 Issur Chandra Vidyasagar was found and declared to be qualified by his eminent knowledge of the Hindoo Law to hold the office of Hindoo Law officer in any of the Established Courts of Judicature.

H.T. Prinsep

President

J.W.J. Ousely

Member of the Committee of Examination

This Certificate has been granted to the said Issur Chandra Vidyasagar under the seal of the committee. This 16th Sixteenth day of May in the year 1839 Corresponding with the 3rd Third Joistha 1761 Shukavda.

J.C.C. Sutherland

Secy To the Committee

৭১) আমেরিকার স্বাধীনতার ঘোষক কে?

উত্তর : ১৭৭৬ সালের ৪ জুলাই 'কন্টিনেন্টাল কংগ্রেস' আমেরিকার স্বাধীনতা ঘোষণা করে। স্বাধীনতার ঘোষণাপত্রের প্রধান লেখক ছিলেন থমাস জেফারসন। জন অ্যাডামস, বেঙ্গামিন ফ্রাঙ্কলিন প্রমুখ স্বাধীনতা আন্দোলনে নেতৃত্ব দেন।

৭২) When you start your computer then which component works first?

- A. BIOS
- B. Processor

উত্তর : BIOS

ব্যাখ্যা : যখন কম্পিউটার অন করা হয় তখন সর্বপ্রথম BIOS (Basic input output system) কাজ করে। কম্পিউটার মাদারবোর্ডের Firmware chip এর মধ্যে থাকা কতগুলো নির্দেশনার সমষ্টিই হলো বায়োস। BIOS দ্বারা কম্পিউটারের সিস্টেম কনফিগারেশন নির্ধারণ করা হয়। এটি Boot পরবর্তী পিসিতে ব্যবহৃত Input device, Output device এর সমন্বয়কারী Firmware. কম্পিউটার Boot হওয়ার পরপরই যে সফটওয়্যার রান হয়, সেটি হলো BIOS.

Confusing Question Solution

৭৩) সঞ্চির প্রধান সুবিধা কি?

ক। উচ্চারণের সুবিধা

খ। পড়ার সুবিধা

উত্তর : উচ্চারণের সুবিধা।

ব্যাখ্যা : সঞ্চির উদ্দেশ্য স্বাভাবিক উচ্চারণে সহজপ্রবণতা এবং ধ্বনিগত মাধ্যম সম্পাদন। (সূত্র :
বাংলা ভাষার ব্যাকরণ -- নবম-দশম শ্রেণী।)

৭৪) To display one line in multiple cell you will have to select -

A. Merge cells check box

B. Wrap text check box

C. Shrink to fit check box.

Ans : A.

ব্যাখ্যা : একাধিক ঘরে এক লাইনকে display করার জন্য home tab এ গিয়ে Merge cells check box
এ ক্লিক করতে হয়।

৭৫) বাংলাদেশ গণপ্রজাতন্ত্রের ঘোষণা হয়েছিল কবে?

ক. ১০ এপ্রিল, ১৯৭১

খ. ১৭ এপ্রিল, ১৯৭১

গ. ২৬ মার্চ, ১৯৭১

ঘ. ১৬ ডিসেম্বর, ১৯৭১

উত্তর : ১০ এপ্রিল, ১৯৭১

ব্যাখ্যা :

১০ এপ্রিল, ১৯৭১ :

* বাংলাদেশ গণপ্রজাতন্ত্রের ঘোষণা

* স্বাধীনতার সাংবিধানিক ঘোষণা

* আনুষ্ঠানিকভাবে স্বাধীনতার ঘোষণা

* বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার ঘোষণা

* প্রথম মন্ত্রিসভা গঠন

* প্রজাতন্ত্রের আইনপ্রকাশ

* মুজিবনগর সরকার গঠন

১৭ এপ্রিল, ১৯৭১ :

* মুজিবনগর সরকার এর শপথ গ্রহণ।

* স্বাধীন বাংলাদেশ সরকার প্রতিষ্ঠিত হয়।

Confusing Question Solution

৭৬) বাংলাদেশ কবে স্বাধীন হয়?

ক. ১৬ ডিসেম্বর, ১৯৭১

খ. ২৬ মার্চ, ১৯৭১

গ. ১৭ এপ্রিল, ১৯৭১

ঘ. ১০ এপ্রিল, ১৯৭১

উত্তর : ২৬ মার্চ, ১৯৭১

ব্যাখ্যা :

* ২৬ মার্চ, ১৯৭১ -- বাংলাদেশ স্বাধীন হয়, তাই এই দিনটা স্বাধীনতা দিবস হিসেবে পালিত হয়।

* ১৬ ডিসেম্বর, ১৯৭১ -- হালদার মুক্ত হয়, এইদিন চূড়ান্ত বিজয় অর্জিত হয়।

৭৭) পুলিশ কোন ভাষার শব্দ?

ক) ইংরেজি

খ) পর্তুগিজ

উত্তর : ইংরেজি।

ব্যাখ্যা : বাংলা একাডেমী প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ” দ্বিতীয় খণ্ডের ৬১ পৃষ্ঠায় বলা হয়েছে, পুলিশ ইংরেজি শব্দ।

‘পুলিশ’ শব্দটি ইংরেজী ভাষায় এসেছে ফরাসী ভাষা থেকে। কিন্তু এর মূল নিহিত আছে প্রাচীন গ্রীক ভাষায়। প্রাচীন গ্রীক ভাষায় ‘পুলিশ’ (polis) শব্দটি বর্তমানের ‘পুলিশ’ শব্দের অর্থ থেকে অনেকটাই ভিন্ন অর্থ নির্দেশ করে। গ্রীক ‘পুলিশ’ শব্দের অর্থ, শহর। গ্রীক ভাষার ‘পুলিশ’ শব্দটি ল্যাটিন ভাষায় এসে ‘পলিটিয়া’ (politia) রূপ নেয় যার অর্থ হল, ‘বেসামরিক প্রশাসন’ (Civil Administration)। ফ্রান্সে একটি বেসামরিক সংগঠন হিসেবে পুলিশ ব্যবস্থার প্রচলন হয় ১৬৬৭ সালে সন্তাউ চতুর্দশ লুইয়ের শাসন আমলে। এর পর লন্ডনে ১৮০০ সালে মেরিন পুলিশ প্রতিষ্ঠা করা হয়। কিন্তু পুলিশ-ব্যবস্থার সর্বাধুনিক রূপের কারিগর হলেন ব্রিটেনের এক কালীন স্বরাষ্ট্র সচিব ও প্রধান মন্ত্রী স্যার রবার্ট পীল। ১৮২৯ সালে লন্ডন মেট্রোপলিটন পুলিশ প্রতিষ্ঠার মাধ্যমে পীল যে পুলিশ-ব্যবস্থা চালু করেন সামান্য কিছু পরিবর্তন ছাড়া পৃথিবীর প্রায় সকল দেশেই মূলতঃ সেই ব্যবস্থায় পুলিশ পরিচালিত হচ্ছে। তৎকালীন ওপনিবেশিক ভারতে ব্রিটিশরা যে পুলিশ-ব্যবস্থা গড়ে তুলেছিল বাংলাদেশ পুলিশ তারই উত্তরাধিকার বহন করছে। এই পুলিশ ব্যবস্থা ১৮৬১ সালের ইন্ডিয়ান পুলিশ আইনের উপর প্রতিষ্ঠিত। তবে লন্ডন মেট্রোপলিটন পুলিশের কাঠামো আর আমাদের ব্রিটিশ ভারত পুলিশের কাঠামোর মধ্যে বিস্তর পার্থক্য রয়েছে।

৭৮) কদাকার শব্দটি কোন উপসর্গযোগে গঠিত?

ক) দেশি

খ) বিদেশি

Confusing Question Solution

গ) সংস্কৃত
ঘ) কোনটি নয়।

উত্তর : দেশ।

ব্যাখ্যা : এটা খাঁটি বাংলা উপসর্গ 'কদ' যুক্ত হয়ে গঠিত হয় তাই অপশনে 'খাঁটি বাংলা' না থাকলে দেশি হবে।

৭৯) একটি বন্ধু ঘরে চালু ফ্রিজের দরজা খুলে রাখলে ঘরের তাপমাত্রা

ক) হাস পাবে
খ) বৃদ্ধি পাবে
গ) অপরিবর্তিত থাকবে

উত্তর : অপরিবর্তিত থাকবে।

ব্যাখ্যা : ফ্রিজের ভিতর থেকে তাপ বের হয়ে পরিপার্শ্বিক তাপমাত্রা পরিবর্তন করতে পারে না, তাই ঘরের তাপমাত্রা অপরিবর্তিত থাকবে।

৮০) বাংলাদেশের নদ কয়টি ও কি কি?

উত্তর : তিনটা।

১) ব্ৰহ্মপুত্ৰ
২) কপোতাক্ষ
৩) আড়িয়াল খাঁ (আড়িয়াল খাঁ কে অনেকে বিল বললেও এটা বিল নয়, এটা একটা নদ। এটা পদ্মাৱ একটা শাখানদ যার দৈৰ্ঘ্য ১৫৫ কিমি।)

৮১) বাংলাদেশের সংবিধানের কত ধারায় আইনের সংজ্ঞা দেওয়া আছে?

ক) ১০৭
খ) ১৫২

উত্তর : ১৫২

ব্যাখ্যা : সংবিধানের ধারা ১৫২(১) আইনঃ আইন অর্থ কোন আইন, অধ্যাদেশ, আইন বিধি, প্রবিধান, উপ-অাইন, বিজ্ঞপ্তি ও অন্যান্য আইনগত দলিল এবং বাংলাদেশের আইনের ক্ষমতাসম্পন্ন যে কোন প্রথা বা রীতি।

৮২) কতসালে 'রাষ্ট্ৰভাষা সংগ্ৰাম পরিষদ' গঠিত হয়?

ক) ১৯৪৭
খ) ১৯৪৮

উত্তর : ১৯৪৭

ব্যাখ্যা :

**১৯৪৭ সালের অক্টোবৰ মাসে ভাষা আন্দোলনের সাংগঠনিক ক্লপদানের উদ্দেশ্য তমদুন মজলিশ

Confusing Question Solution

একটি ভাষা সংগ্রাম পরিষদ গঠন করে।

**১৯৪৮ সালের জানুয়ারি মাসে বাংলাকে রাষ্ট্র ভাষা করার উদ্দেশ্যে ঢাকায় নতুন করে "রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ" গঠিত হয়।

সূত্র : ৯-১০ শ্রেণির বাংলাদেশ ও প্রাচীন বিশ্ব সভ্যতার ইতিহাস।

৮৩) বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল কোনটি?

- ক) পাট
- খ) আলু

উত্তর : আলু।

ব্যাখ্যা : আগে বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল হিসেবে 'পাট' থাকলেও বর্তমানে 'আলু' প্রধান অর্থকরী ফসলের স্থান দখল করে নিয়েছে।

৮৪) শনির উপগ্রহ কয়টি?

- ক) ২২
- খ) ৬১

উত্তর : ২২টি (রেফারেন্স : মাধ্যমিক ভূগোল বই।)

৮৫) সমুদ্রবায়ু প্রবল বেগে প্রবাহিত হয় কখন?

উত্তর : অপরাহ্নে।

ব্যাখ্যা : স্থলবায়ু--শেষরাতে এবং
সমুদ্রবায়ু-অপরাহ্নে প্রবাহিত হয়।

৮৬) বাংলাদেশের কৃতিম ম্যানগ্রোভ বন কোথায় অবস্থিত?

- ক) চকরিয়া,কক্সবাজার
- খ) নোয়াখালী
- গ) চর কুকরি মুকরি,ভোলা
- ঘ) সব

উত্তর : ঘ

ব্যাখ্যা : প্রদত্ত অপশনের সব জায়গায় কৃতিম ম্যানগ্রোভ বন অবস্থিত।

৮৭) বাংলাদেশের প্রথম পত্রিকা কোনটি?

- ক) আজাদী
- খ) বঙ্গল গেজেট
- গ) রংপুর বার্তাবহ

Confusing Question Solution

উত্তর : রংপুর বার্তাবহ।

ব্যাখ্যা : ‘রংপুর বার্তাবহ’ বাংলাদেশে প্রকাশিত প্রথম সংবাদপত্র। ১৮৪৭ সালের আগস্ট মাসে রংপুরের কুণ্ডি পরগনার জমিদার কালীচন্দ্র রায় চৌধুরীর উদ্যোগে এবং আর্থিক সহায়তায় পত্রিকাটির প্রকাশ শুরু হয়। ওরুচরণ রায় এই সংবাদপত্রটির প্রথম সম্পাদক। স্বাভাবিকভাবেই তিনি বাংলাদেশের প্রথম সংবাদপত্রের প্রথম সম্পাদক। বাংলাদেশের প্রথম সংবাদপত্রের ইতিহাস লিখেছেন মোস্তাক চৌধুরী প্রায় এক দশক পর ১৮৫৬ সালের ১৮ এপ্রিল ঢাকা থেকে ইংরেজি ভাষায় প্রথম সাংগ্রাহিক ‘ঢাকা নিউজ’ প্রকাশিত হয়। ১৮৬০ সালের এপ্রিলে কাকিনীয়ার জমিদার শশুচন্দ্র রায় চৌধুরীর উদ্যোগে ও আর্থিক সহায়তায় এবং মধুসূন ভট্টাচার্যের সম্পাদনায় রংপুর থেকে বাংলা ভাষায় প্রকাশিত দ্বিতীয় সংবাদপত্র ‘রংপুর দিকপ্রকাশ’।

৮৮) দেশের মোট ইপিজেড কয়টি?

- ক) ৮টি
- খ) ১০টি

উত্তর : ১০টি।

ব্যাখ্যা : সরকারি ইপিজেড ৮টি, প্রাইভেট ২টি, মোট ইপিজেড ১০টি।

৮৯) ভারত বাংলাদেশ যৌথ নদী কমিশনের উদ্দেশ্য কি?

- ক) দু দেশের নদীগুলির নাব্যতা বৃদ্ধি
- খ) বন্য নিয়ন্ত্রণে দুদেশের মধ্যে সহযোগিতা।

উত্তর : খ

ব্যাখ্যা : বাংলাপিডিয়ায় বন্য নিয়ন্ত্রণকেই প্রধান কাজ বলা হয়েছে এছাড়া এই কমিশন বন্য নিয়ন্ত্রণের তথ্য-উপাত্ত নিয়ে কাজ করে।

৯০) মেমোরি থেকে ডাটা উত্তোলনের পদ্ধতি কোনটি?

- ক) read
- খ) read out
- গ) read from
- ঘ) all

উত্তর : ঘ

৯১) কোন সভ্যতা সবচেয়ে প্রাচীন?

- ক) মেসপটেমিয়া
- খ) মিশরীয়

Confusing Question Solution

উত্তর : মেসপটোমিয়া।

ব্যাখ্যা : দুইটাই খ্রিষ্টপূর্ব ৫০০০ অ�্দের সময়কার। তবে ইতিহাসবিদদের মতে দুইটাই প্রাচীন সভ্যতা তবে মেসোপটোমীয় সভ্যতা প্রাচীনতম।

১২) আয়নার পশ্চাতে কোন ধাতু লাগানো হয়?

- ক) সিলভার
- খ) মার্কারি

উত্তর : সিলভার।

ব্যাখ্যা : আয়নার পশ্চাতে মার্কারি ও সিলভার উভয় ধাতুই লাগানো হয় কিন্তু সিলভারের প্রচলন বেশি।

১৩) সুলতানী আমলে বাংলার রাজধানী কোনটি?

- ক) সোনারগাঁও
- খ) গৌড়

উত্তর : গৌড়।

ব্যাখ্যা : ১৪৫০ থেকে ১৫৬৫ পর্যন্ত বাংলার রাজধানী ছিল গৌড়। তবে স্বাধীন সুলতানি আমলের প্রথম দিকে অর্থাৎ ফকরুদ্দিন মুবারক শাহের আমলে ১৪ বছর রাজধানী ছিল সোনারগাঁও।

১৪) আইএমএফের কার্যক্রম শুরু হয় কোন সালে?

- ক) ১৯৪৫
- খ) ১৯৪৬
- গ) ১৯৪৭

উত্তর : গ

ব্যাখ্যা : আইএমএফ প্রতিষ্ঠিত হয় ১৯৪৫ সালে এবং কার্যক্রম শুরু হয় ১৯৪৭ সালের ১লা মার্চে।

১৫) বাংলাদেশের জিডিপিতে কোন খাতের অবদান সবচেয়ে বেশি?

- ক) কৃষি
- খ) সেবা
- গ) শিল্প
- ঘ) পরিবহন

উত্তর : সেবা।

ব্যাখ্যা : বাংলাদেশের জিডিপিতে সেবা খাত ৫২-৫৩%, শিল্প খাত ৩০-৩৫% এবং কৃষিখাত ১৫-১৭% অবদান রাখে।

Confusing Question Solution

৯৬) বাংলাদেশকে সবচেয়ে বেশি ঋণ প্রদানকারী সংস্থা কোনটি?

- ক) জাইকা
- খ) আইডিএ
- গ) এডিবি
- ঘ) বিশ্বব্যাংক

উত্তর : আইডিএ।

ব্যাখ্যা : বাংলাদেশকে সবচেয়ে বেশি ঋণ প্রদানকারী সংস্থা আইডিএ আবার বাংলাদেশকে সবচেয়ে বেশি ঋণ প্রদানকারী দেশ জাপান।

৯৭) কম্পিউটারের প্রথম প্রোগ্রামিং ভাষা কোনটি?

- ক) C++
- খ) FORTRAN
- গ) ADA
- ঘ) PASCAL

উত্তর : খ

ব্যাখ্যা : FORTRAN -- 1954

ADA -- 1980

৯৮) লোকসাহিত্যের আদি নির্দশন কোনটা?

- ক) ডাক ও খনার বচন
- খ) ছড়া/প্রবচন ও ধাধা

উত্তর : খ

ব্যাখ্যা : বাংলা সাহিত্যের আদি নির্দশন -- কাব্য।

লোকসাহিত্যের আদি নির্দশন -- ছড়া/প্রবচন।

৯৯) মেমনিং গীতিকা সংগ্রহ করেন কে?

- ক) দীনেশ চন্দ্র সেন
- খ) চন্দ্রকুমার দে

উত্তর : চন্দ্রকুমার দে।

ব্যাখ্যা : সংগ্রহ করেন -- চন্দ্রকুমার দে।

সম্পাদনা করেন -- দীনেশচন্দ্র সেন।

১০০) সাংবিধানিক পদ এবং প্রতিষ্ঠান কয়টি?

উত্তর : পদ ৯ টি, প্রতিষ্ঠান ৭ টি।

Confusing Question Solution

ব্যাখ্যা : বাংলাদেশের সংবিধানের আওতায় বেশ কয়েকটি সাংবিধানিক প্রতিষ্ঠান রয়েছে। এই সাংবিধানিক প্রতিষ্ঠানসমূহ বাংলাদেশ সরকারের আইনি প্রতিষ্ঠান হিসেবে সরকারের আইনি কার্যক্রম পরিচালনা করে থাকে।

প্রতিষ্ঠান গুলো হল:

১। নির্বাচী বিভাগ বা শাসন বিভাগ ২। আইন বিভাগ ৩। বিচার বিভাগ ৪। নির্বাচন কমিশন ৫।
সরকারি কর্ম কমিশন ৬। অ্যাটর্নি জেনারেলের কার্যালয় ৭। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের
কার্যালয়।

সাংবিধানিক পদ সমূহ :

১. রাষ্ট্রপতি ২. প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী ৩. স্পিকার, ও ডেপুটি স্পিকার ৪. সংসদ সদস্যগণ
৫. প্রধান বিচারপতি ও অন্যান্য বিচারপতি ৬. নির্বাচন কমিশনার ও অন্যান্য নির্বাচন কমিশনার
৭. অ্যাটর্নি জেনারেল ৮. সরকারি কর্মকমিশন চেয়ারম্যান ৯. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক।

১০১) আমলকিতে কোন এসিড আছে?

ক) অক্সালিক এসিড
খ) অ্যাসকরবিক এসিড

উত্তর : অ্যাসকরবিক এসিড (সূত্র : মাধ্যমিক বিজ্ঞান।)

১০২) পাহাড়পুর বৌদ্ধ বিহারের আবিষ্কারক কে?

ক) স্যার আলেকজান্ডার কানিংহাম
খ) বুকানন হ্যামিল্টন

উত্তর : ক

ব্যাখ্যা :

**পাহাড়পুর বৌদ্ধবিহার বা সোমপুর বিহার বা সোমপুর মহাবিহার বর্তমানে ধ্বংসপ্রাপ্ত একটি প্রাচীন
বৌদ্ধ বিহার। পালবংশের দ্বিতীয় রাজা শ্রী ধর্মপালদেব অষ্টম শতকের শেষের দিকে বা নবম শতকে
এই বিহার তৈরি করছিলেন।

**১৮৭৯ খ্রিস্টাব্দে স্যার আলেকজান্ডার কানিংহাম এই বিশাল স্থাপনা আবিষ্কার করেন।

**পাহাড়পুরকে পৃথিবীর সবচেয়ে বড় বৌদ্ধবিহার বলা যেতে পারে। এটি ৩০০ বছর ধরে বৌদ্ধদের
অতি বিখ্যাত ধর্ম শিক্ষাদান কেন্দ্র ছিল। খ্রিস্টীয় দশম শতকে বিহারের আচার্য ছিলে অতীশ দীপঙ্কর
শ্রীজ্ঞান। **১৯৮৫ খ্রিস্টাব্দে ইউনেস্কো এটিকে বিশ্ব প্রতিহ্যবাহী স্থানের স্বীকৃতি প্রদান করে।

**ভারতীয় উপমহাদেশে ইংরেজদের আগমনের পর তাঁরা সকল স্থানে জরিপ কাজ চালানো শুরু
করেন। পূর্ব ভারতে জরিপ কাজ পরিচালনা করেন বুকানন হ্যামিল্টন; যিনি ১৮০৭ থেকে ১৮১২
খ্রিস্টাব্দের মধ্যে কোনো এক সময়ে পাহাড়পুর পরিদর্শন করেন। এটিই ছিল পাহাড়পুরে প্রথম
প্রস্তাবিক পরিদর্শন। এরপর এই প্রস্তাবিক পরিদর্শনে আসেনওয়েস্টম্যাকট। এঁরা দেশে ফিরে তাঁদের
অভিজ্ঞতা সম্পর্কিত বিবরণ পত্র-পত্রিকায় প্রকাশ করেন। এরই সূত্র ধরে ১৮৭৯ খ্রিস্টাব্দে আলেকজান্ডার
কানিংহাম এই প্রতিহাসিক স্থানটি পরিদর্শন করেন। পরিদর্শনের পর এই জমিটি ব্যাপক হারে খনন

করার প্রতি তিনি আগ্রহ দেখান। কিন্তু জমির মালিক বলিহারেরতদানীন্তন জমিদার তাঁকে এই কাজে বাধা দেন। তাই তিনি বিহার এলাকার সামান্য অংশে এবং পুরাকীর্তির কেন্দ্রীয় তিবির শীর্ষভাগের সামান্য অংশে খনন কাজ চালিয়েই অব্যাহতি দেন। এই খননকার্যের সময় কেন্দ্রীয় তিবির অংশে চারপাশে উদ্গত অংশবিশিষ্ট একটি বর্গাকার ইমারত আবিষ্কার করেন যার দৈর্ঘ্য ছিল ২২ ফুট। অবশেষে ১৯০৪ খ্রিস্টাব্দের প্রস্তাবিক আইনের আওতায় এই স্থান ১৯১৯ খ্রিস্টাব্দে সংরক্ষিত পুরাকীর্তি হিসাবে ঘোষিত হয়।

১০৩) বাংলা মুদ্রাক্ষরের জনক বলা হয় কাকে?

- ক) পঞ্চানন কর্মকার
- খ) চার্লস উইলকিন্স

উত্তর : ক

ব্যাখ্যা : পঞ্চানন কর্মকার বাংলা মুদ্রাক্ষরের স্বষ্টি ও মুদ্রণশিল্পের প্রযুক্তিবিদ। চার্লস উইলকিন্স ছিলেন একজন ইংরেজ মুদ্রাকর, প্রাচ্য ভাষাবিদ এবং কলকাতার এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠাতা-সদস্য। তিনি বাংলা এবং ফরাসি মুদ্রাক্ষরের অধুনিক আকৃতির উদ্ভাবক। পঞ্চানন কর্মকারসহযোগে, ইংরেজি ভাষায় প্রথম মুদ্রাক্ষরে ভগবত গীতা অনুবাদ করেন তিনি।

সব ধরনের ই-বুক ডাউনলোডের জন্য

MyMahbub.Com